

শাৰিতে নীতিমালা লঙ্ঘন করে প্রভাষক নিয়োগ

সিলেট অফিস

সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নীতিমালা লঙ্ঘন করে প্রভাষক নিয়োগ করার অভিযোগ উঠেছে। নিয়োগ প্রতিষ্ঠাটি সিন্ডিকেটে বাতিল হলেও বর্তমান উপাচার্য অধ্যাপক ইলিয়াস উদ্দিন বিশ্বাস দায়িত্ব নেয়ার শুরুতেই অনিয়ম করায় শিক্ষকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সঞ্চার হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বায়োকেমেস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি বিভাগে কয়েক মাস আগে দু'জনের প্রভাষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রস্তুত করা হলে মোস্তফা কামাল মাসুদ নামের একজন আবেদন করেন। নীতিমালা অনুযায়ী প্রভাষক পদে প্রার্থীকে এসএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪ এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪ থাকতে হয়। কিন্তু প্রার্থী মাসুদের উভয় পরীক্ষার জিপিএ কম হয়েছে।

১ জানুয়ারি প্রভাষক পদে বাছাই বোর্ডে জাবি ভিসি অধ্যাপক আনোয়ার হোসেন, লাইফ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ইয়াসমিন হক, অধ্যাপক মোহাম্মদ ইউনুছ ও বিভাগীয় প্রধান সাইফুল ইসলাম সদস্য ছিলেন। ১৮ ফেব্রুয়ারি সাবেক ভিসি অধ্যাপক সালেহ উদ্দিনের নেতৃত্বাধীন সিন্ডিকেটের ১৭৭তম সভায় বিষয়টি ধরা পড়লে বাছাই বোর্ডের সুপারিশ ফিরিয়ে দেয়া হয়। কিন্তু সিন্ডিকেটের ১৭৮তম সভায় বিজ্ঞাপিত দু'পদে

মনিরউল্লাহমান ও আহসান হাবীব নামে দু'জনের পাশাপাশি কামাল মাসুদের নিয়োগ অনুমোদন দেয়া হয়। রসায়ন বিভাগের প্রভাষকালী শিক্ষক মোহাম্মদ ইউনুছের পক্ষের প্রার্থী ও তার বিসিসের শিক্ষার্থী হওয়ায় কয়েকজন সিন্ডিকেট সদস্যদের তোপে পড়ে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অবৈধভাবে কামাল মাসুদকে নিয়োগ দিতে বাধ্য হন। তবে চাপে পড়ে নিয়োগ প্রদানের বিষয়টি অধ্যাপক ইলিয়াস উদ্দিন বিশ্বাস অস্বীকার করেছেন।

শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ড. মোতাম্মেল হকসহ একাধিক সদস্য জানান, একই বিভাগের শিক্ষার্থী হওয়ার কারণে কৌশলে নীতিমালা লঙ্ঘন করা হয়েছে। অথচ সন্য বিনাঙ্গী উপাচার্য ও নিয়োগ প্রতিষ্ঠা বাতিল করেছিলেন। তারা উপাচার্যকে এ নিয়ে লিখিত অভিযোগ দেবেন বলে জানান। নীতিমালার ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি ও রসায়নের অধ্যাপক সৈয়দ শামসুল আলম দাবি করেন, সে তাদের স্টুডেন্ট। জাছড়া সিন্ডিকেটে নিয়মটি কার্যকর করে নিয়োগ দেয়া হয়েছে। কার্যকরনের কারণ জানতে চাইলে তিনি জানান, কামাল মাসুদের সময় (২০০১-০২ এবং ২০০৩ সেশনের এসএসসি/এইচএসসি) ফোর্স সাবেজেষ্টের নামের যোগ হতো না। এ বিষয়টি নীতিমালা করার সময় বিবেচনা করা হয়নি বলে তিনি দাবি করেন।